



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর
সহকারী প্রোগ্রামার এর দপ্তর
www.doict.bochaganj.dinajpur.gov.bd

বোচাগঞ্জ উপজেলার আইসিটি কমিটির আগস্ট/ ২০২৪ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ ডালিম সরকার উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ	২৯ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ
সভার সময়	সকাল ১১ ঘটিকা
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য

অধ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব ডালিম সরকার সকলকে স্বাগত জানান এবং উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ তৌহিদুল ইসলাম, উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ	বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ
০১	ওয়েব পোর্টাল	সেবার তালিকা প্রকাশ, সেবা সহজীকরণের জন্য সকল দপ্তরের সিটিজেন চার্টার দ্রুত সময়ে হালনাগাদ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। 1. জাতীয় তথ্য বাতায়নকে সমৃদ্ধ ও হালনাগাদ করতে উপজেলার সকল সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ এর সংশ্লিষ্ট সবাইকে সর্বোচ্চ আন্তরিক হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি অফিসার ও সংশ্লিষ্ট দপ্তর
০২	অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যম	বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, ইউটিউব ইত্যাদি ব্যবহারে সকলকে সচেতন হওয়ার বিষয়ে আলোচনা হয়। আলোচ্য বিষয়ঃ i) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে বিভিন্ন অপ-প্রচার রোধে সচেতনতা বৃদ্ধি। ii) সকল কিছু সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশ না করা। iii) গুজব সহ বিভিন্ন উস্কানির বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা iv) ছাত্র-ছাত্রীদের মোবাইল ব্যবহারে সচেতনতা বৃদ্ধি। v) ফেসবুক ব্যবহার নীতিমালা vi) মাদক বা তামাকজাত দ্রব্যের কুফল তুলে ধরা।	উপস্থিত সকল

০৩	সাইবার সিকিউরিটি	বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম বিশেষ করে ফেসবুক ব্যবহার সম্পর্কে সচেতনতা করা হয়। ১) ফেসবুকসহ সকল সাইটের স্ট্রং পাসওয়ার্ড ব্যবহার করা। ২) কোন প্রকার ফিশিং এ ক্লিক না করা। ৩) ব্যক্তিগত সবকিছু ফেসবুকে শেয়ার না করা। ৪) ওটিপি শেয়ার সহ সকল প্রকার প্রলোভন থেকে বিরত থাকা। ৫) মোবাইলে স্পর্শকাতর দৃশ্য ধারণ না করা।	উপস্থিত সকল
০৪	ই-নথি/ ডি- নথি	সরকারি সকল দপ্তরের গতিশীলতা আনয়নে এবং নাগরিক সেবার মান বৃদ্ধি কল্পে ডিজিটাল নথির গুরুত্ব তুলে ধরা হয়। সকল দপ্তরকে ডি-নথি ব্যবহারে অভ্যস্ত হওয়ার ব্যাপারে অবগত করা হয়।	উপস্থিত সকল
০৫	ডি-সেট সেন্টার	স্মার্ট সার্ভিস পয়েন্ট, আইসিটি বিষয়ক সেবা, উন্নত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদানে ডি-সেট সেন্টার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে মর্মে ব্যক্ত করা হয়। উপজেলা ইঞ্জিনিয়ার জানান- অত্র উপজেলার ডি-সেট সেন্টারের কাজের ছাদ ঢালাইয়ের প্রস্তুতি চলছে মর্মে সকলকে অবহিত করেন।	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ইঞ্জিনিয়ার
০৬	ইনোভেশন	সেবায় নাগরিক ভোগান্তি লাঘব, সেবা প্রদানের বর্তমান ব্যবস্থার উন্নয়ন বা সেবা প্রদানের নতুন মাধ্যম প্রবর্তন, নাগরিকের সঙ্গে যোগাযোগ, দাপ্তরিক অভ্যন্তরীণ কর্ম প্রক্রিয়ার উন্নয়ন, সরকারি-বেসরকারি ও অন্যান্য প্রতিষ্ঠানের অংশগ্রহণ – ইত্যাদি নিশ্চিত করার লক্ষ্যে ইনোভেশনের উপর গুরুত্ব আরোপ করা হয়। উপস্থিত সকলকে নিত্য-নতুন আইডিয়া/ পরিকল্পনা প্রদানের জন্য অনুরোধ করা হয়।	উপস্থিত সকল

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০১-০৯-২০২৪

মোঃ ডালিম সরকার

উপজেলা নির্বাহী অফিসার

১৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ:


০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০৬.০০১.২৩.৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
- ২। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর;
- ৩। সহকারী প্রোগ্রামার(সকল) দিনাজপুর এবং
- ৪। কম্পিউটার অপারেটর, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দিনাজপুর।





০১-০৯-২০২৪

মোঃ তৌহিদুল ইসলাম

সহকারী প্রোগ্রামার

সকল সংযুক্তিসমূহ:

(১) august 24 attendance